



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 3rd Semester Examination, 2021

DSC1/2-P3-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

DSC3A/3B

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) “মন্দির বাহির কঠিন কবাট” - এটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে? এখানে ‘মন্দির’ শব্দের অর্থ কি?
- (খ) “অব মথুরাপুর মাধব গেল” - পদটির রচয়িতা কে? ‘মাধব’, ‘মথুরাপুর’ কোথা থেকে, কি উদ্দেশ্যে গিয়েছিল?
- (গ) “তাকর চরণে / দীন হীন বঞ্চিত / গোবিন্দদাস রহু দূর॥”
- আলোচ্য অংশে কবি গোবিন্দদাসের নিজের সম্পর্কে এরূপ উক্তির কারণ কী?
- (ঘ) তোমাদের পাঠ্য রবীন্দ্রনাথ ঠাকুরের ‘লোকসাহিত্য’ গ্রন্থটি কবে প্রকাশিত হয়েছিল? এ গ্রন্থে মোট কয়টি প্রবন্ধ আছে? এর মধ্যে প্রথম প্রবন্ধের নাম কি?
- (ঙ) ‘ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর ‘দোল দোল দুলুনি’ - ছড়াটির যে ব্যাখ্যা দিয়েছেন তা বিবৃত করো।
- (চ) “রাজ সভাকবি রায়গুণাকরের অনন্যদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মত, ...।”
- কোথা থেকে নেওয়া? রায়গুণাকরের প্রকৃত নাম কী? তিনি কোন্ রাজার সভাকবি ছিলেন?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) “রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর” - কোন্ পর্যায়ের পদ? পদটির ভাববস্তু সংক্ষেপে লেখো।
- (খ) “বৈষ্ণব পদাবলী”তে প্রার্থনা পর্যায়ের পদ কাকে বলে? তোমার পাঠ্য প্রার্থনা পর্যায়ের পদটির বিষয়বস্তু পরিস্ফুট করো।
- (গ) গৌরচন্দ্রিকা কাকে বলে? ‘সমস্ত গৌরান্দ্র বিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয়’ - বিষয়টি পরিস্ফুট করো।
- (ঘ) “রাধার কি হৈল অন্তরে বেথা” - রাধা ‘অন্তরে বেথা’র কারণে কিরূপ আচরণ করছিল? এরূপ আচরণ করার পেছনে সম্ভাব্য কারণ কি ছিল বলে কবি মনে করেছেন?
- (ঙ) ‘গ্রাম্যসাহিত্য’ প্রবন্ধে রবীন্দ্রনাথ গ্রাম্য ছড়াগুলিকে কয় ভাগে ভাগ করেছেন ও সেগুলি কি? প্রতিটি ভাগের একটি করে উদাহরণ দিয়ে এরূপ বিভাজনের স্বরূপ নির্ণয় করো।

(চ) বাংলাদেশের ছেলেভুলানো ছড়াগুলিতে যে রসটি পাওয়া যায় রবীন্দ্রনাথ ঠাকুর তার কী নামকরণ করেছেন ? এরূপ নামকরণের কারণ কী ? আলোচ্য প্রবন্ধের ‘ছড়া সংগ্রহ’তে মোট কয়টি ছড়ার উল্লেখ রয়েছে ?

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২ × ২ = ২৪

- (ক) পূর্বরাগ কাকে বলে ? অনুরাগের সঙ্গে-এর পার্থক্য কোথায় ? পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।
- (খ) “বৈষ্ণব পদাবলী সমুদ্রগামিনী নদীর ন্যায়” - উপযুক্ত দৃষ্টান্তসহ মন্তব্যটির সারবত্তা নির্ণয় করো।
- (গ) রবীন্দ্রনাথ তাঁর ‘কবি-সংগীত’ প্রবন্ধে কবিগান ও কবিওয়ালাদের যে মূল্যায়ন করেছেন তার পরিচয় দাও।
- (ঘ) ‘ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর ‘বাংলা ভাষায় ছেলে ভুলাইবার জন্য যে-সকল ছড়া প্রচলিত আছে’, সেগুলির মধ্যে যে সহজ স্বাভাবিক কাব্যরস সন্ধান করেছেন, তার পরিচয় দাও।

—x—